

## শাহজালাল থেকেই রোমিং পাবেন গ্রামীণফোন গ্রাহকরা

- A Monitor Desk Report

Date: 14 August, 2023



ঢাকা : বিদেশগামী যাত্রীদের মধ্যে গ্রামীণফোনের গ্রাহকরা শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকেই রোমিং সুবিধা নিতে পারবেন।

গ্রাহকদের এ সেবা দিতে দেশের প্রধান এ বিমানবন্দরের ডিপারচার লাউঞ্জে একটি অত্যাধুনিক কিয়স্ক সম্প্রতি চালু করা হয়েছে বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে অপারেটরটি।

এতে বলা হয়, এ কিয়স্ক থেকে সহজেই গ্রাহকরা স্বয়ংক্রিয়ভাবে রোমিং সেবা অ্যাক্টিভেট, প্যাক কেনা ও সেবা সংক্রান্ত সমস্যার সমাধানসহ প্রয়োজনীয় নানা সেবা উপভোগ করতে পারবেন।

সম্প্রতি কিয়স্ক উন্মোচন অনুষ্ঠানে চিফ মার্কেটিং অফিসার মোহাম্মদ সাজ্জাদ হাসিব, চিফ বিজনেস অফিসার ড. আসিফ নাইমুর রশিদ, হেড অব সেলস অ্যান্ড কাস্টমার ম্যানেজমেন্ট আওলাদ হোসেন উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে চিফ মার্কেটিং অফিসার হাসিব বলেন, “অত্যাধুনিক সার্ভিস কিয়স্কের মাধ্যমে গ্রামীণফোন গ্রাহক যারা দেশের বাইরে ভ্রমণ করছেন তাদের কানেক্টিভিটি ও ডিজিটাল সেবা সংক্রান্ত সেবা প্রদান করা হবে।

“কানেক্টিভিটি পার্টনার হিসেবে প্রথাগত টেলিযোগাযোগ সেবার বাইরেও আমরা প্রয়োজনীয় সব উদ্যোগ গ্রহণ করছি, যেন আমরা স্মার্ট বাংলাদেশ লক্ষ্য অর্জনে সক্রিয়ভাবে অবদান রাখতে পারি।”

আরও পড়ুন: [স্প্যানিশ ক্লাব অ্যাথলেটিকো মাদ্রিদের সঙ্গে রিয়াদ এয়ারের চুক্তি](#)

বিজ্ঞপ্তিতে জানানো হয়, উন্মোচনের পরপরই কিয়স্ক থেকে সেবাদান কার্যক্রম শুরু হয়। এছাড়া মাইজিপিতে রোমিং সেবাটি অন্তর্ভুক্ত করা হয়েছে এবং গ্রাহকরা যেকোনো সময় এ সেবা গ্রহণ করতে পারবেন।

• -B